

■ সহীহ ইবনু হিবান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৫০৩

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ সিয়াম পালনকারীর জন্য যেই সময়ে ইফতার করা বৈধ তার বর্ণনা

ذِكْرُ الْوَقْتِ الَّذِي يَحْلُّ فِيهِ الْإِفْطَارُ لِلنَّوْمِ

আরবী

3503 - أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ الْجُمَحِيُّ حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ بَشَّارٍ الرَّمَادِيُّ حَدَّثَنَا سُفْيَانُ حَدَّثَنَا أَبُو إِسْحَاقَ الشَّيْبَانِيُّ سَمِعَ عَبْدَ اللَّهِ بْنَ أَبِي أَوْفَى يَقُولُ: كُنَّا مَعَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي سَفَرٍ فَقَالَ لِرَجُلٍ: (أَنْزِلْ فَاجْدَحْ لَنَا) قَالَ: الشَّمْسُ يَارَسُولَ اللَّهِ قَالَ: (أَنْزِلْ فَاجْدَحْ لَنَا) قَالَ: الشَّمْسُ يَارَسُولَ اللَّهِ قَالَ: (أَنْزِلْ فَاجْدَحْ لَنَا) ، فَنَزَّلَ فَاجْدَحَ فَشَرِبَ فَقَالَ: (إِذَا رَأَيْتُمُ اللَّيْلَ قَدْ أَقْبَلَ مِنْ هَاهُنَا وَأَدْبَرَ النَّهَارُ مِنْ هَاهُنَا فَقَدْ أَفْطَرَ الصَّائِمَ)

الراوي : عَبْدُ اللَّهِ بْنُ أَبِي أَوْفَى | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر :

التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3503 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود))

.(2037) : ق.

اجْدَحْ: خَوْضِ السَّوَيْق؛ قَالَهُ أَبُو حَاتِمٍ

বাংলা

৩৫০৩. আব্দুল্লাহ বিন আওফা রাদিয়াল্লাহু আন্হ থেকে বর্ণিত, তিনি বলেন, “আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে একবার এক সফরে ছিলাম। তখন তিনি এক সাহাবীকে বলেন, “তুমি নামো এবং আমাদের জন্য ছাতুর সাথে পানি মিশ্রিত করো।” তখন সেই সাহাবী বলেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, সূর্য (এখনও অন্ত যায়নি)!” তখন তিনি আবার বলেন, “নামো এবং আমাদের জন্য ছাতুর সাথে পানি মিশ্রিত করো।” রাবী বলেন যে, তারপর তিনি নামেন এবং তাঁর জন্য ছাতুর সাথে পানি মিশ্রিত করেন। অতঃপর তিনি তা পান করেন। তারপর তিনি বলেন, “যখন তোমরা দেখবে যে, এদিক থেকে রাত আগমন করছে, এবং এদিক থেকে দিন প্রস্থান করেছে, তখন সিয়াম পালনকারী ব্যক্তির ইফতার করার সময় হয়ে

যায়।”[1]

আবু হাতিম ইবনু হিব্রান রহিমাহুল্লাহ বলেন, “**جَدْحُ!** এর অর্থ হলো ছাতুর সাথে পানি মিশ্রিত করো।”

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ১১০১; সহীভুল বুখারী: ৫২৯৭; বাগবারী: ১৭৩৪; মুসনাদ আহমাদ: ৪/৩৮০; মুসাম্মাফ ইবনু আবী শায়বাহ: ৩/১১-১২; আবু দাউদ: ২৩৫২; সুনান বাইহাকী: ৪/২১৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ২০৩৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আবু আওফা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=92837>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন